# মোবাইল ফোন আমদানিতে ৬০% শুল্ক কমাল রাজস্ব বোর্ড



সংগৃহীত ছবি

সাধারণ মানুষের জন্য স্মার্টফোন আরও সাশ্রয়ী করতে মোবাইল ফোন আমদানির ওপর কাস্টমস ডিউটি কমিয়েছে জাতীয় রাজস্ব বোর্ড এনবিআর। আগে যেখানে আমদানি শুল্ক ছিল ২৫ শতাংশ, তা কমিয়ে ১০ শতাংশ করা হয়েছে। এতে আমদানিতে মোট শুল্কের বোঝা প্রায় ৬০ শতাংশ হালকা হলো।

মঙ্গলবার ১৩ জানুয়ারি সকালে এ বিষয়ে একটি প্রজ্ঞাপন জারি করা হয়। পাশাপাশি দেশে মোবাইল ফোন সংযোজনকারী প্রতিষ্ঠানগুলোর কাঁচামাল ও যন্ত্রাংশ আমদানির শুল্কও কমানো হয়েছে। আগে এই খাতে ১০ শতাংশ কাস্টমস ডিউটি থাকলেও এখন তা নেমে এসেছে ৫ শতাংশে, ফলে এখানে শুল্ক হ্রাস হয়েছে প্রায় অর্ধেক।

এনবিআরের হিসাব অনুযায়ী, এসব সিদ্ধান্তের ফলে ৩০ হাজার টাকার বেশি দামের আমদানি করা প্রতিটি মোবাইল ফোনের মূল্য গড়ে প্রায় ৫ হাজার ৫০০ টাকা পর্যন্ত কমতে পারে। আর একই দামের দেশে সংযোজিত ফোনের ক্ষেত্রে দাম কমার সম্ভাবনা প্রায় ১ হাজার ৫০০ টাকা।

সরকার বলছে, শুল্ক ছাড়ের এই উদ্যোগে সব ধরনের মোবাইল ফোনের দাম মানুষের নাগালের মধ্যে থাকবে এবং ডিজিটাল সেবা ব্যবহার আরও সহজ হবে। এনবিআরের মতে, প্রযুক্তি ব্যবহারে জনগণের অংশগ্রহণ বাড়াতে ভবিষ্যতেও এমন সহায়ক নীতি অব্যাহত রাখা হবে।